

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০০৮

পর্ব - ৮ঃ বিবাহ (১যাب النكاح)

পরিচ্ছেদঃ ১. বিবাহের ব্যাপারে সমতা ও বিচ্ছেদের স্বাধীনতা - চারের অধিক স্ত্রী থাকাবস্থায় ইসলাম গ্রহণকারীর বিধান

## আরবী

وَعَنْ سَالِمٍ, عَنْ أَبِيهِ, أَنَّ غَيْلَانَ بْنَ سَلَمَةَ أَسْلَمَ وَلَهُ عَشْرُ نِسْوَةٍ, فَأَسْلَمْنَ مَعَهُ, فَأَمَرَهُ النَّبِيُّ \_ صلى الله عليه وسلم \_ أَنْ يَتَخَيَّرَ مِنْهُنَّ أَرْبَعًا. رَوَاهُ أَحْمَدُ, وَالتِّرْمِذِيُّ, وَصَحَّحَهُ ابْنُ حِبَّانَ, وَالْحَاكِمُ، وَأَعَلَّهُ الْبُخَارِيُّ, وَأَبُو زُرْعَةَ, وَأَبُو حَاتِمٍ

رواه أحمد (23 و 14)، والترمذي (1128)، وابن حبان (1377)، والحاكم (292) وهو معلول وقد أبان الحافظ في «التلخيص» (3/ 168 ـ 169) عن علله

## বাংলা

১০০৮। সালিম হতে বর্ণিত, তিনি তাঁর পিতা 'আবদুল্লাহ থেকে বর্ণনা করেছেন যে, গাইলান বিন সালামাহ (রাঃ) ইসলাম গ্রহণ করেন, সে সময় তাঁর দশটি স্ত্রী ছিল—তারা সকলেই তাঁর সাথে ইসলাম গ্রহণ করেন। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের মধ্যে চারজনকে পছন্দ করে রাখতে হুকুম দিলেন। —ইবনু হিবান ও হাকিম একে সহীহ বলেছেন আর বুখারী, আবূ যুর'আহ ও আবূ হাতিম-এর ইল্লাত বর্ণনা করেছেন।[1]

## ফুটনোট

[1] তিরমিয়ী ১১২৮, ইবনু মাজাহ ১৯৫৩, আহমাদ ৪৫৯৫, ৪৬১৭, মালেক ১২৪৩। ইমাম বুখারী আল মুহারার ৩৫৭ গ্রন্থে হাদীসটিকে অরক্ষিত বলেছেন। এ হাদীসের সানাদে আবৃ যারআ ও আবৃ হাতি ও অন্যান্য বর্ণনাকারী রয়েছে যারা বিতর্কিত। আলবানী সহীহ তিরমিয়ী ১১২৮, তাখরীজ মিশকাত ৩১১১ গ্রন্থে একে সহীহ বলেছেন। ইমাম শাওকানী আদি দিরারী আল মাযিয়্যাহ ২১৩ গ্রন্থে বলেনঃ এ হাদীসটি ক্রটিযুক্ত, কেননা প্রমাণিত হয়েছে যে, এটি উমার (রাঃ)-এর (নিজস্ব) কথা। ইমাম শাওকানী অবশ্য তাঁর ফাতহুল কাদীর ১/৬৩২ গ্রন্থে বলেন, : এটি



অনেক সানাদে বর্ণিত হয়েছে, আর এর শাহেদ রয়েছে। আহমাদ শাকের মুসনাদ আহমাদ ৭/২৬৬ গ্রন্থে এর সানাদকে সহীহ বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন